

চবি সিন্ডিকেট বৈঠক

ঘেরাও : অবস্থান ধর্মঘট

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বর্ধিত জর্তি ও অন্যান্য বি. প্রত্যাহারের দাবিতে প্রগতিশীল ছাত্রলীগে গতকাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভার সামনে অবস্থান ধর্মঘট করে। একই দাবিতে চবি : পৃষ্ঠা ২ : কলাম ৪

চবি : সিন্ডিকেট বৈঠক

(শেষ পৃষ্ঠার পর)

ইসলামী ছাত্রশিবির সিন্ডিকেট সভা ঘেরাও এবং উপাচার্যকে স্বাক্ষরসিপি দেয়। সিন্ডিকেটের এ বৈঠক নিয়ে গতকাল চবির ছাত্রলীগ হাজার শিক্ষার্থী এবং শত শত শিক্ষকের মধ্যে ছিল উত্তেজনা, অশংকা, আকস্মিক এবং অপেক্ষা। বিশ্ববিদ্যালয় কলেজে অধ্যক্ষ নিয়োগ লোক প্রশাসন বিভাগে নিয়োগ বিজ্ঞপ্তির বাইরে ছোর, কয়েক অতিরিক্ত শিক্ষক নেয়া এবং শিক্ষার্থীদের

জর্তি ও অন্যান্য বি. বাড়ানো-কমানো বিষয়ে সিন্ডিকেট সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়ার সম্ভাবনার রয়েছে। বিকাল ৩টা থেকে সিন্ডিকেট সভা শুরু হয়ে গভীর রাত পর্যন্ত চলছিল। ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্র ফেডারেশনের সমন্বয়ে গঠিত প্রগতিশীল ছাত্রলীগে তখন পর্যন্ত তাদের অবস্থান ধর্মঘট অব্যাহত রাখে। এ সময় কয়েকজন সিন্ডিকেট সদস্য শিক্ষক জনের কর্মসূচি প্রত্যাহার করে চলে যেতে বদলেও বিকৃত শিক্ষার্থীরা তা প্রত্যাহার করে নেয়। অনেক সুধারণ : শিক্ষার্থীও আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করে সিন্ডিকেট সভার সামনে। অবস্থান ধর্মঘটে অংশ নেয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজে দু'বছর পর অধ্যক্ষ নিয়োগকে কেন্দ্র করে বিতর্ক সৃষ্টি হয়। জানা গেছে, চবি প্রশাসন ছ'টি আবেদন থেকে ইচ্ছামতো একটি আবেদন গ্রহণ করে বাকি পাঁচটি আবেদন ন্যূনত করে দেয়। তার আবেদন পূর্তি হয়েছে, বলে জানা গেছে তিনি কল্পবাক্যের জোয়ার চকুরিয়া কলেজের একজন প্রভাষক। তার প্রশাসনিক কোন যোগ্যতা নেই বলে জানা গেছে।

দাশপাশি লোক প্রশাসন বিভাগে একটি নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ছ'জন শিক্ষক নিয়োগ নিয়েও গতকালের সিন্ডিকেটে সিদ্ধান্ত নেয়ার কথা রয়েছে। নিয়োগপ্রাপ্তদের মধ্যে একজন হলো মামলার আসামিও রয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।